

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 01 May, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) দীর্ঘ প্রতীক্ষার পর 'আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা-২০২৫' টুর্নামেন্ট শুরুর তারিখ ঘোষণার পরেরদিনই 'অনিবার্য কারণে' স্থগিত করা হয়েছে টুর্নামেন্টটি।

আজ (০১ মে) শারীরিক শিক্ষা কার্যালয়ের উপ-পরিচালক মনিরুল আলম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি থেকে বিষয়টি জানা যায়

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনিবার্য কারণবশত উক্ত প্রতিযোগিতার খেলাসমূহ আগামী ঈদ উল আজহা এবং গ্রীষ্মকালীন বন্ধের পর উল্লেখিত ফিকশচার অনুসারে অনুষ্ঠিত হবে।

তবে টুর্নামেন্ট স্থগিত হওয়ায় শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

আইন বিভাগের শিক্ষার্থী হৃদয় আহমেদ বলেন, 'খেলা শুরু করার জন্য প্রায় সবকিছুই মোটামুটি ঠিকঠাক ছিল। আমরাও নিজ নিজভাবে প্রস্তুতি নিচ্ছিলাম। কিন্তু আজ হঠাৎ করে দেখতে পেলাম, খেলা ৭ তারিখে হচ্ছে না—এটা ঈদের পর অনুষ্ঠিত হবে। কারণ হিসেবে কর্তৃপক্ষ জানিয়েছে, বৃষ্টির সম্ভাবনার কারণে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আমরা এতে সত্যিই বিস্মিত, কারণ গত কয়েকদিন ধরেই কোনো বৃষ্টিপাত হয়নি। বরং ঈদের পরেই মূল বর্ষাকাল শুরু হয়, তখন খেলা পরিচালনা করা আরও কঠিন হয়ে পড়তে পারে। জানি না, আসলে তারা কী ধরনের গড়িমসি করছে।

তিনি আরও বলেন, 'আমরা চাই পূর্বঘোষিত সিডিউল অনুযায়ী ৭ তারিখ থেকেই খেলা শুরু

হোক। অন্যথায় প্রতিটি বিভাগের খেলোয়াড়দের নিয়ে আমরা প্রয়োজন হলে আন্দোলনে যাব।

প্রত্যুত্তর বিভাগের শিক্ষার্থী ফিরোজ আল ফেরদৌস বলেন, 'কোনো সুস্পষ্ট কারণ না দেখিয়েই খেলা স্থগিত করে আমাদের জানানো হয়েছে যে, টুর্নামেন্টটি ঈদের পর আয়োজন করা হবে। বিষয়টি সত্যিই হতাশাজনক ও দুঃখজনক। কারণ ঈদের পরই বর্ষাকাল শুরু হবে, তখন আবহাওয়া অনিশ্চিত থাকবে এবং বৃষ্টির আশঙ্কাও বেশি থাকবে। এতে করে ক্রিকেট টুর্নামেন্ট সুষ্ঠুভাবে আয়োজন করা কঠিন হয়ে পড়বে বলে আমরা মনে করি। আমাদের স্পষ্ট দাবি, দয়া করে টুর্নামেন্টটি পূর্বঘোষিত সিডিউল অনুযায়ীই আয়োজন করা হোক।

এ বিষয়ে ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন বলেন, 'উপাচার্য মহোদয়ের পরামর্শেই টুর্নামেন্টটি সাময়িকভাবে পেছানো হয়েছে। ইতোমধ্যে এটি পুনরায় সিডিউল করার উদ্যোগ নেওয়া হয়েছে। সামনে গ্রীষ্মকালীন ছুটি এবং ঈদের ছুটি রয়েছে, তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি—ছুটির পরেই টুর্নামেন্ট শুরু করবো। তবে নিশ্চিতভাবে বলছি, ক্রিকেট টুর্নামেন্টটি অবশ্যই অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, আগামী ০৭ মে থেকে ক্রিকেট প্রতিযোগিতা শুরু হওয়ার কথা ছিলো।